

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৪৭/২০১৬

অভিযোগকারী : জনাব ফেরদৌস হাসান
পিতা:-মোঃ হাসান আলী শেখ
ঠিকানা- জেসি রোড, ধানবাড়ি
সিরাজগঞ্জ।
(জেলা প্রতিনিধি এটিএন বাংলা
ও এটিএন নিউজ)।

প্রতিপক্ষ : উপজেলা নির্বাহী অফিসার
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
তাড়াশ, সিরাজগঞ্জ।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ২৯-০৩-২০১৬ ইং)

অভিযোগকারী ২২-১২-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে উপজেলা নির্বাহী অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তাড়াশ, সিরাজগঞ্জ বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

২০১৪-২০১৫ এবং ২০১৫-২০১৬ অর্থ বছরে বন্যা অতিবৃষ্টি সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত ঘর নির্মাণের জন্য গরীব অসহায় ও দুঃস্থদের মাঝে বিনামূল্যে বিতরণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তর হতে প্রাপ্ত চেউটিন ও নগদ টাকার পরিমাণ, বিতরণকৃত ব্যক্তিদের নাম পূর্ণ ঠিকানা (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী) এবং বিতরণকৃত চেউটিন ও টাকার পরিমাণ সরবরাহ।

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৪-০১-২০১৬ তারিখে জনাব মোঃ বিল্লাল হোসেন, জেলা প্রশাসক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), সিরাজগঞ্জ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পর জনাব মোঃ তানভীর রহমান, সহকারী কমিশনার ও তথ্য সরবরাহকারী কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ ২৪-০১-২০১৬ তারিখে ০৫.৫০.৮৮০০.০১৫.০২.০০৩.১৬-২২(৪)/(৩) নং স্মারকমূলে উপজেলা নির্বাহী অফিসার, ০৪, সিরাজগঞ্জকে বিধি মোতাবেক নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে তথ্য প্রাপ্তির আবেদন পত্রে উল্লিখিত তথ্য ০১-০২-২০১৬ তারিখের মধ্যে অভিযোগকারীকে প্রদানের নির্দেশ প্রদান করেন এবং পত্রের কপি অভিযোগকারীকে প্রেরণ করেন। আপীল কর্তৃপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে উক্ত নির্দেশনা প্রদানের পরেও কোন প্রতিকার না পেয়ে অভিযোগকারী ১৭-০২-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ২৯-০২-২০১৬ তারিখের সভায় অভিযোগটি আমলে নিয়ে ২৯-০৩-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৪। শুনানীতে অভিযোগকারী গরহাজির ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য প্রাপ্তির আবেদন পাওয়ার পর চাহিত তথ্যটি উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় সংক্রান্ত বিধায় তা পরের দিন উক্ত কার্যালয়ে তথ্য চেয়ে চিঠি প্রেরণ করেন। এই সময়ের মধ্যে অভিযোগকারী তথ্য না পেয়ে জেলা প্রশাসক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), সিরাজগঞ্জ বরাবর আপীল আবেদন করেন। পরবর্তীতে জেলা প্রশাসক, সিরাজগঞ্জ কার্যালয় থেকে আদেশ প্রাপ্ত হয়ে চাহিত তথ্যটি উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় থেকে সংগ্রহ করে জেলা প্রশাসক, সিরাজগঞ্জ বরাবর প্রেরণ করা হয় এবং পরবর্তীতে ২১-০৩-২০১৬ তারিখে অভিযোগকারীর ঠিকানায় চাহিত তথ্য প্রেরণ করা হয়েছে। কিন্তু তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে তথ্য মূল্য আদায় করা হয় নি।

পর্যালোচনা

প্রতিপক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে যথাসময়ে তথ্য সরবরাহ করেন নি। কাজেই দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে সতর্ক করা হয় এবং কমিশনের নির্দেশনা অনুযায়ী তিনি অভিযোগকারীর প্রার্থীত সকল তথ্য ১৫ দিনের মধ্যে সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে ১৩-০৪-২০১৬ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত সকল তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তাড়াশ, সিরাজগঞ্জ কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার

[বে.স]